# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)
# ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

**Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.**

**Email. updfcht@gmail.com Website: www.updfcht.com**


***Ref:*** ***Date:*** *২১ জুলাই ২০২৫*

প্রেস বিজ্ঞপ্তি

## মাটিরাঙ্গায় বিজিবির সাথে ইউপিডিএফের গোলাগুলির খবর যমুনা টিভির মিথ্যাচার

খাগড়াছড়ির মাটিরাঙ্গা উপজেলাধীন "সীমান্তবর্তী পুং পাড়া ইউনিয়নের তং পাড়া এলাকায় যামিনী পাড়া জোনের আওতাধীন বিজিবির একটি টহল দলের সাথে" ইউপিডিএফের গোলাগুলি সংঘটিত হয়েছে বলে যমুনা টিভির ওয়েবসাইটে যে তথ্য পরিবেশন করা হয়েছে, তা সর্বৈব মিথ্যা, গুজব এবং ভাইবোনছড়ায় ত্রিপুরা কিশোরীকে দলবদ্ধ ধর্ষণের বিরুদ্ধে চলমান আন্দোলন থেকে জনগণের দৃষ্টি ভিন্ন দিকে নিয়ে যাওয়ার শাসকগোষ্ঠীর চিরাচরিত ব্যর্থ প্রচেষ্টা বলে মন্তব্য করেছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।

ইউপিডিএফের মুখপাত্র অংগ্য মারমা আজ ২১ জুলাই ২০২৫ সোমবার এক বিবৃতিতে এই মন্তব্য করেন।

তিনি যমুনা টিভির মিথ্যাচার ও ও বানোয়াট খবরের জবাবে বলেন, মাটিরাঙ্গা উপজেলায় "পুং পাড়া ইউনিয়ন" নামে কোন ইউনিয়ন ও "তং পাড়া" নামে কোন গ্রাম বা স্থানের অস্তিত্ব নেই।

প্রকৃত ঘটনা উল্লেখ করে তিনি বলেন, 'গতকাল রাত ১২টার দিকে যামিনী পাড়া বিজিবি ক্যাম্প থেকে একদল বিজিবি সদস্য মাটিরাঙ্গার তাইন্দং ইউনিয়নে ৫ নং ওয়ার্ড-এর অধীন হেডম্যান পাড়ার দক্ষিণে বেঙ্গা টিলা নামক স্থানে গিয়ে অবস্থান নেয় এবং ভোর ৩টার দিকে ৭-৮ রাউন্ড ফাঁকা গুলি করে চলে যায়।'

এরপরই "ইউপিডিএফের সাথে গোলাগুলি হওয়ার ও অস্ত্র-গোলাবারুদ উদ্ধারের" নাটক মঞ্চস্থ করে খবর প্রচার করা হয় বলে তিনি জানান।

অংগ্য মারমা বলেন, ইউপিডিএফ একটি গণতান্ত্রিক রাজনৈতিক দল এবং গত প্রায় ২৭ বছর ধরে গণতান্ত্রিক পদ্ধতিতে এই পার্টি তার লক্ষ্য বাস্তবায়নের জন্য সংগ্রাম পরিচালনা করে আসছে। সুতরাং ইউপিডিএফের সাথে বিজিবি কিংবা অন্য কোন নিরাপত্তা বাহিনীর গোলাগুলি চলার প্রশ্ন নিতান্তই অবান্তর।

ইউপিডিএফের ভাবমূর্তি ক্ষুন্ন করতে এবং ভাইবোনছড়ায় কিশোরী ত্রিপুরা ছাত্রীকে ধর্ষণের সাথে জড়িত একটি রাজনৈতিক দলের নেতাকর্মীদের রক্ষা ও চলমান ধর্ষণ-বিরোধী আন্দোলনকে ভিন্নখাতে প্রবাহিত করার প্রচেষ্টার অংশ হিসেবে ইউপিডিএফের সাথে বিজিবির গোলাগুলি হওয়ার আজগুবি ও সেনসেশনাল খবর প্রচার করা হচ্ছে বলে তিনি মনে করেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

**নিরন চাকমা**
প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।